

কথোপকথন

কারা যেন বেরিয়ে আসছে গুহা থেকে,
পুড়িয়ে ফেলছে ভুল পর্যটন।
কারা যেন দু-হাতে আড়ালে রাখে মৃত চাঁদ
আর অনাবাসী মেঘ।

তুমি ভাবতেই পারো ঋতুপথ কি পাল্টে
গেল দ্রুত; এবার কি তবে ঝুঁকে যেতে হবে
প্রিয় শিবিরের পথে।

তখনই সেই প্রবীণতম বেহালাবাদক তোমাকে শে
নাবে
কিভাবে খুঁড়তে হয় ভাষা-নদী।
তার বেদনাহীন আঙুল বাদ্যযন্ত্রের তার বেয়ে
পাঠশালায় উঠবে।

সেখানে শোনা যাবে সবুজ বর্ষাতি গায়ে
গুহাবাসি ছায়াদের কথোপকথন —
হাওয়াবিদ্ধ স্পীকারে তুমিও শুনতে পাবে চিরপ্রিয়ভ
াষ.....
প্রযুক্তির স্মৃতিকাতরতা কখনো থাকে না।
দেবশিষ চট্টোপাধ্যায়

